R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No — WB/MSD — 4

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

আপনার জীবনের—
প্রতিদিনের সঙ্গী
হকিন্স প্রেসার কুকার
অনুমোদিত ডিলার এবং সুদক্ষ
সার্ভিস সেন্টার
প্রভাত ষ্টোর
[দুলুর দোকান]
রঘুনাথগঞ্জ ( ফোন : ৫৩ )

৭৮শ বর্ষ
৩৫শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৭ই মাঘ বুধবার, ১৩৯৮ সাল
২২শে জানুয়ারী ১৯৯২ সাল।
নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫৲

## কয়লার উপর থেকেও মাশুল সমীকরণ প্রত্যাহার করতে হবে—মমতা বন্দ্যোপাধ্যায়

সৌমিত্র সিংহ রায় : 'ইস্পাতের মাশুল সমীকরণ তুলে নিয়ে কেন্দ্রীয় সরকার পূর্বাঞ্চলের মানুষের দীর্ঘ ৪৪ বছরের দাবীকে মর্যাদা দিয়েছেন—ধন্যবাদ নরসীমা সরকারকে। শুধুমাত্র ইস্পাতের উপর নয়, কয়লার উপর থেকেও মাশুল সমীকরণ নীতি প্রত্যাহার করতে হবে। কয়লার ক্ষেত্রে একই ব্যবস্থা নেওয়া হলে এই এলাকার শিল্পে অগ্রগতি ঘটবে।' গত ১৭ জানুয়ারী ফরাক্কার নেতাজী ময়দানে মুর্শিদাবাদ জেলা যুব কংগ্রেসের ৮ম সম্মেলনে প্রকাশ্য সমাবেশে এই দাবী জানিয়েছেন কেন্দ্রীয় ক্রীড়া-যুবকল্যাণ মন্ত্রী এবং প্রদেশ যুব কংগ্রেস সভাপতি মমতা বন্দ্যোপাধ্যায়। মমতার আকর্ষণে ময়দানের উপচে পড়া ভিড়ে উৎসাহী কিশোরী-তরুণী, মহিলাদের উল্লেখযোগ্য উপস্থিতিতে শীতের বিকেলে নানা রঙের মেলায় সুরভিত। মমতা বলেন, গ্রাম-গঞ্জে সি পি এমের সন্ত্রাস, নারীধর্ষণ, দুর্নীতির বিরুদ্ধে সাধারণ মানুষকে একজোট হয়ে এই সরকারকে উৎখাত করতে হবে। ১৪ বছরে এই সরকার করছে-টা কি? শুধু কেন্দ্রের বঞ্চনার বিরুদ্ধে কাঁদুনী গেয়েছে। এই সরকারের ১৪ বছরে দু'টো কীর্তি—'নন্দন' আর 'চন্দন'। বক্রেশ্বর নিয়ে নাটক করল। বেকারদের রক্ত নিল, সেই রক্ত নর্দমায় চলে গেল। বক্তৃতার সময় লোডশেডিং হলে মমতা বেশ মজা করে ছড়া কেটে বলেন—'অন্ধকার থেকে আলো দেখালেন যীশু/আলো থেকে অন্ধকারে নিয়ে গেলেন জ্যোতি বসু।' মমতার ২৫ মিনিটের বক্তৃতায় শ্রোতারা ঘন ঘন হাততালি দিয়ে উচ্ছ্বাসে ফেটে পড়েন। অটোগ্রাফ-শিকারী কিশোরীদের (শেষ পৃষ্ঠায়)

## ডাইরিয়া ছড়িয়ে পড়লেও স্বাস্থ্য বিভাগ নির্বিকার দর্শক

রঘুনাথগঞ্জ : স্থানীয় ১নং ব্লকের সেখালি, জামুয়ার, মণ্ডলপুর ইত্যাদি গ্রামে ডাইরিয়া মহামারী রূপে দেখা দিয়েছে। এরমধ্যে রোগের আক্রমণে জামুয়ার গ্রামের নেকু ফুলমালি, ওককুর ফুলমালির ১০ বছরের এক ছেলে ও মাঝবয়সী এক মহিলা মারা গেছেন বলে খবর। মণ্ডলপুরের একটি সাঁওতাল যুবকও ঐ রোগের শিকার হয়ে মারা যান। জামুয়ার ও মণ্ডলপুরে দু'জন স্বাস্থ্য সহায়ক আছেন। কিন্তু তাঁদের কাছে ডাইরিয়া প্রতিরোধের কোন ওষুধ নেই বলে তাঁরা জানান। রাজানগর স্বাস্থ্যকেন্দ্র কর্তৃপক্ষ এ ব্যাপারে একেবারেই তৎপর নয়। পঞ্চায়েত থেকে কয়েকটি পুকুরে ব্লিচিং পাউডার ছড়িয়ে নিজেদের দায়িত্ব শেষ করেছেন। আশপাশ গ্রামে আতঙ্ক ছড়িয়ে পড়ছে। স্বাস্থ্য বিভাগ সব দেখেশুনেও নির্বিকার দর্শক হয়ে রয়েছেন।

## উৎস মূলে আয়কর কেটে নেওয়ার নির্দেশ ব্যাঙ্কে

নিজস্ব সংবাদদাতা : মহকুমার ব্যাঙ্কগুলি থেকে জমা টাকা তুলে নেওয়ার একটা হিড়িক পড়ে গেছে বলে খবর। এই ঘটনার মূলে রয়েছে সরকারের নয়া নির্দেশ সুদ (শেষ পৃষ্ঠায়)

## বিদ্যুৎ সরবরাহ বিভাগের উপর হাইকোর্টের নিষেধাজ্ঞা

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ থানা বিদ্যুৎ চালিত ক্ষুদ্র শিল্প ব্যবসায়ী সমিতি সূত্রে জানা যায় অরঙ্গাবাদ ও রঘুনাথগঞ্জ বিদ্যুৎ সরবরাহ বিভাগের নয়া আদেশে ক্ষুদ্র (শেষ পৃষ্ঠায়)

সবারে করি আহ্বান ঃ—

শর্মিষ্ঠা ফাইনান্স লিমিটেড
রঘুনাথগঞ্জ ঃঃ মুর্শিদাবাদ

বর্ষপূর্তি উৎসব

সকল ফিল্ডকর্মী, সার্টিফিকেট হোল্ডার ও শুভানুধ্যায়ীদের উপস্থিতি ও সহযোগিতা একান্তভাবে কাম্য।

২৬শে জানুয়ারী, ১৯৯২

॥ স্থান ॥
মিউনিসিপ্যাল সুপার মার্কেট
সময় ঃ দুপুর ২ ঘটিকা

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৭ই মাঘ বুধবার ১৩৯৮ বাং

## কুসংস্কার

একটি বহুপঠিত গ্রন্থ (দৃষ্টিপাত) লেখক লিখিয়াছেন—'বিজ্ঞান মানুষকে দিয়েছে বেগ, কেড়ে নিয়েছে আবেগ। তাতে আছে গতির আনন্দ; নেই যতির আয়েস'। এই উদ্ধৃতিতে আবেগ কাড়িয়া লওয়ার কথা বলা হইয়াছে। কিন্তু ভাবাবেগ ত এখনও অব্যাহত রহিয়াছে। অবশ্য সঙ্গী কুসংস্কার আর ইহার জন্য যে অঘটন মাঝে মাঝে ঘটিয়া যায়, তাহাও বেশ ভাবনার উদ্রেক করে। বিজ্ঞানের যুক্তিবাদ বা বাস্তববাদ এই সকল ক্ষেত্রে অচল। বিংশ শতাব্দীর শেষ লগ্নে বিজ্ঞানের যে চরম প্রকাশ, তাহাও পূর্বে ছিল না। কিন্তু তখন যে সংস্কার, যে আবেগ ক্রিয়াশীল ছিল, তাহা ত এখনও রহিয়া গিয়াছে। বিশেষতঃ কুসংস্কারকে মানুষ এখনও বর্জন করিতে পারিল না। তাই স্থানে স্থানে কত নারকীয় কাণ্ডই না ঘটিয়া যায়। বাঁকুড়া জেলার একটি গ্রামের এক মুণ্ডা রমণী দারিদ্র্যবশতঃ মাথার চুলে তেল দিতে পারিত না। তাহার রুক্ষ কেশরাশি ডাইনীর লক্ষণ বলিয়া তাহাকে জীবন্ত দাহ করিবার ব্যবস্থা হইয়াছিল। সম্পূর্ণ সুস্থ একটি স্বাস্থ্যবতী রমণীর অকাল বিদায় ঘনাইয়া আসিয়াছিল, মেয়েটি পলাইয়া বাঁচে এবং ঘরসংসার করিবার সুযোগ পায়, সন্তানের জননী হয়।

বলা যাইতে পারে যে, অনুন্নত ও অশিক্ষিত সম্প্রদায়ের মধ্যে এইরূপ ঘটিতে পারে। কিন্তু খোদ কলিকাতা নগরীর বাগবাজার স্ট্রীটে এক সাইকেল মেরামতের কারবারী ও যথেষ্ট আলোকপ্রাপ্ত পরিবেশের মানুষ। সে ত নিছক কুসংস্কারাচ্ছন্ন আবেগের বশীভূত হইয়া প্রকাশ্য দিবালোকে গত শুক্রবার জনৈক অশীতিপর বৃদ্ধ গৃহস্থ দুর্গাচরণ দাসকে খুন করিল এবং তাঁহার পত্নীকে গুরুতরভাবে জখম করিল। একটি প্রতিষ্ঠিত বাংলা দৈনিকে এই সংবাদ প্রকাশিত হয়।

ঘটনাটি এইরূপ: বাগবাজার স্ট্রীটে বাবলু দাস সাইকেল মেরামতের দোকান চালায়। নিকটেই দুর্গাচরণবাবুর বাড়ী। তিনি নিঃসন্তান, দুর্গাচরণবাবু প্রতিদিন সকালে বাবলুর দোকানে আসিয়া বসিতেন। নিঃসন্তান বৃদ্ধ কোন কাজ নাই বলিয়াই হয়ত আসিতেন। বাড়ির বাহিরে আসিয়া লোক-জন এবং কর্ম প্রবাহ দেখিয়া হয়ত নিরস মনের একঘেয়েমি দূর করিতে চাহিতেন। বাবলুর ধারণা হইল যে, নিঃসন্তান এই বৃদ্ধের মুখদেখা শুভফলদায়ক নহে; অর্থাৎ দুর্গাবাবু 'অপয়া'। আর সেইজন্য তাহার দোকানে খরিদ্দার আসে না। অতএব সে সিদ্ধান্ত লইল যে, দুর্গাবাবুর দোকানে আসা চিরদিনের জন্য বন্ধ করিতে হইবে। দুর্গাবাবুকে নিষেধ করিয়া দিলেও যদি ঘটনাচক্রে সকালে তাঁহার কুলক্ষণযুক্ত (নিঃসন্তান বলিয়া) মুখদর্শন হয়, তবে ত গ্রাহক আসিবে না। আর সেইজন্য বাবলু শুক্রবার দ্বিপ্রহরে দুর্গাবাবুর বাড়ী গিয়া তাঁহাকে ছুরিকাঘাতে খুন করে। দুর্গাবাবুর পত্নীও গুরুতর জখম হন। বাবলু অতঃপর থানায় আত্মসমর্পণ করে।

কুসংস্কার বাবলুকে কোন পথে লইয়া গেল তাহা ভাবিবার বিষয়। শিক্ষাহীনতা এই রকম অঘটন অনেক ঘটায়। তথাপি শিক্ষিত ব্যক্তিরাও অনেকে কিন্তু কুসংস্কারের অভিশাপ হইতে সম্পূর্ণ মুক্ত হইতে পারে নাই।

### রক্তদান শিবির

রঘুনাথগঞ্জ: গত ১৩ জানুয়ারী স্থানীয় মাড়োয়ারী ধর্মশালায় জঙ্গিপুর লায়ন্স ক্লাবের পরিচালনায় একটি রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২৪ জন স্বেচ্ছায় রক্ত দান করেন। অনুষ্ঠানের সভাপতি ছিলেন জঙ্গিপুর মহকুমা হাসপাতালের চিকিৎসক ডাঃ মনোরঞ্জন চৌধুরী ও বিশেষ অতিথি রঘুনাথগঞ্জ ১নং ব্লকের বিডিও মৃণাল সেনগুপ্ত।

### পুষ্প প্রদর্শনী

ফরাক্কা: গত ২ জানুয়ারী থেকে ৫ জানুয়ারী স্থানীয় ইউ টি ইউ সি প্রাঙ্গণে 'কমলুদা সাংস্কৃতিক সংস্থা'র উদ্যোগে বিরাট পুষ্প প্রদর্শনীর আয়োজন হয়। এই প্রদর্শনীতে প্রায় চারশোর মত বিভিন্ন ফুলের সমারোহ ছিল। পুষ্প প্রদর্শনীর কারণে স্থানীয় মানুষ ফুলের সৌন্দর্য্য ও আকৃতি বৃদ্ধির জন্য বিশেষ পরিচর্য্যায় উৎসাহী হয়ে উঠেন।

### গ্রাম্য দলাদলিতে খুন

আহিরণ: গত ১৭ জানুয়ারী সুতী থানার হারোয়া গ্রামের সেন্টু সেখ খুন হয়। গ্রাম্য দলাদলি এই খুনের কারণ বলে জানা যায়। সেন্টু সি পি এম সমর্থক ছিলেন। ঘটনার দিন অন্য জায়গা থেকে গ্রামে ঢোকার মুখে ৭/৮ জন কংগ্রেস সমর্থক সেন্টুকে আক্রমণ করে। বোমা, পিস্তল, ভোজালী নিয়ে তাকে ঘিরে ফেলে আক্রমণকারীরা। ঘটনা-স্থলেই সেন্টু মারা যান। পুলিশ এ ব্যাপারে গ্রামের দু'জনকে গ্রেপ্তার করে।

### বিবেকানন্দ ক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী

রঘুনাথগঞ্জ: স্থানীয় বিবেকানন্দ ক্লাবের প্রতিষ্ঠা বার্ষিকী গত ১২ জানুয়ারী অনুষ্ঠিত হয়। প্রভাত ফেরী ও পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে শুরু হয় সারাদিনব্যাপী সাংস্কৃতিক উৎসবের। স্থানীয় বিভিন্ন ক্লাবের সভ্য ও সভ্যারা রোডমার্চে অংশ নেয়। প্রথম স্থান অধিকার করে জঙ্গিপুরের মহাবীর সংঘ। সন্ধ্যায় বিতর্ক প্রতিযোগিতার বিষয় ছিল 'সমাজতন্ত্রই ভারতের মুক্তির একমাত্র পথ'। এতে প্রথম স্থান পান সুদীপ সিংহ রায়। বিবেকানন্দের জীবন ও আদর্শের উপর জঙ্গিপুর কলেজের অধ্যাপক অজিত মুখার্জীর সুন্দর ভাবগম্ভীর বক্তব্য শ্রোতাদের মুগ্ধ করে। পুরস্কার বিতরণ করেন জঙ্গিপুরের পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্য।

### সাক্ষরতা প্রসারে পদযাত্রা

নিজস্ব সংবাদদাতা: গত ১৯ ডিসেম্বর সাক্ষরতা প্রসার কর্মসূচী পালন করতে ধুলিয়ান পুর শহরের উচ্চ মাধ্যমিক স্কুল, মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সমস্ত প্রাথমিক স্কুল যৌথভাবে এক পদযাত্রার আয়োজন করে। প্রতিটি স্কুলের শিক্ষক শিক্ষিকা, ছাত্রছাত্রী, অভিভাবক ও শিক্ষানুরাগী মানুষ পদযাত্রায় যোগ দেন। প্রায় দু'হাজার মানুষের জমায়েতে বক্তব্য রাখেন মহকুমার ডেপুটি ম্যাজিষ্ট্রেট এরফান আলি, পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান। তাঁরা জোর দিয়ে বলেন—শপথ নিতে হবে কেউ নিরক্ষর থাকবে না। সাগরদীঘিতে গত ৩০ ডিসেম্বর হাই স্কুল ফুটবল মাঠ থেকে এক পদযাত্রা সন্তোষপুর, সাগরদীঘি ও পোপাড়া পরিক্রমা করে। পদযাত্রার শুরুতে জেলা বিদ্যালয় পর্ষদের চেয়ারম্যান অরুণ ভট্টাচার্য্য তাঁর ভাষণে বলেন—সকলকেই স্বেচ্ছাপ্রণোদিত হয়ে এগিয়ে আসতে হবে। এই ব্লককে নিরক্ষর-মুক্ত করতে হবে। সমস্ত শ্রেণীর মানুষের সঙ্গে স্কুলের শিক্ষক, মহকুমার উপশাসক এরফান আলী, জেলার অতিরিক্ত জেলা শাসক মোঃ জাবিদ ইকবাল, বিডিও পদ-যাত্রায় অংশ নেন। অগ্নিবীণা সব পেয়েছি আসরের সোনারকাঠি ভাইবোনেরা কবি হৃদয়রঞ্জন প্রামাণিকের স্বরচিত গান পরিবেশন করেন। ৩১ ডিসেম্বরও এই ব্লকের প্রতিটি গ্রাম পঞ্চায়েতে পৃথক পৃথক পদযাত্রার আয়োজন করা হয়।

### পুরসভার নতুন ভবন তৈরী হচ্ছে

রঘুনাথগঞ্জ: জঙ্গিপুর পুরসভার আধুনিক অফিস ঘরের উপযোগী নতুন বিল্ডিং তৈরী হচ্ছে, আনুমানিক ৪ লক্ষ ৩৫ হাজার টাকা ব্যয়ে। পুরপিতা মৃগাঙ্ক ভট্টাচার্য জানান, পুরোনো ভবনে জায়গা সঙ্কুলান হচ্ছে না তাই নতুন অফিস ঘরের প্রয়োজন। এটি নির্মিত হচ্ছে পুরসভার নিজস্ব খাতের টাকা—যেমন, ঘাট-ডাক, জলকর ইত্যাদি থেকে।

## সাক্ষরতা অভিযান ও প্রাণী-বিকাশ কর্মসূচী

বহরমপুর ঃ রাজ্য কো-অর্ডিনেশন কমিটি, মুর্শিদাবাদ জেলা শাখা আহূত একটি কনভেনশন ১৪ জানুয়ারী স্থানীয় রবীন্দ্রসদনে অনুষ্ঠিত হয় জেলায় সাক্ষরতা ও প্রাণীবিকাশ কর্মসূচীকে কেন্দ্র করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হেমেন সরকার। কনভেনশনের উদ্দেশ্য বর্ণনা করতে গিয়ে সুখেন্দু ধর বলেন মুর্শিদাবাদ জেলায় লোকসংখ্যা ৪৭ লক্ষ ৩৪ হাজার ২৭৮ জন। তারমধ্যে সাক্ষর লোকসংখ্যা ১৪ লক্ষ ৪৪ হাজার ৪:৪ জন। মুর্শিদাবাদ জেলায় নিরক্ষর মানুষকে সাক্ষর করার কর্মসূচীতে সরকারী কর্মচারী সংগঠনযুক্ত হতে চায়। রাজ্য কো-অর্ডিনেশন কমিটি প্রশাসনের অভ্যন্তরে সরকারী কাজের সঙ্গে সঙ্গে পুরোনো দিনের ঐতিহ্যের অংশীদার হিসাবে সামাজিক সমস্যা সমাধানের কাজ করে চলেছে। কারণ জীবন-জীবিকার আন্দোলন সামাজিক সমস্যা থেকে বিচ্ছিন্ন নয়। মুর্শিদাবাদ জেলাকে নিরক্ষরতা মুক্ত করতে সংগঠন প্রস্তুত। এ ছাড়াও তিনি বলেন হাস মুরগী, গরুসহ বিভিন্ন প্রাণীদের পালনের সরকারী সুবিধা, রোগ প্রতিশেধক ইত্যাদি নানা বিষয়গুলিতে সংগঠনের কর্মীরা সমস্ত জেলাব্যাপী কাজ করার প্রস্তুতি নিয়েছেন। প্রাথমিক শিক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আনিসুর রহমান বলেন রাজ্য কো-অর্ডিনেশন কমিটি নিজেদের দাবি দাওয়া ছাড়া সামাজিক কাজ অতীত দিন থেকে করে আসছেন। সাক্ষরতার প্রশ্নে তাদের অংশ গ্রহণের বিষয়টিও একটি সামাজিক কাজ। তিনি আরোও বলেন মানুষের উন্নয়ন ছাড়া কোন উন্নয়ন সম্ভব না। শিক্ষিত সমাজকে নিজেদের প্রয়োজনেই পিছিয়ে পড়া মনুষ্য সম্পদের বিকাশ ঘটাতে হবে। তবেই দেশের বিকাশ ঘটবে। নিরক্ষর মানুষ চিন্তা চেতনায় পিছিয়ে থাকার ফলে মানুষ তথা দেশের ঠিকমত বিকাশ সম্ভব হচ্ছে না। এদের সাক্ষর করতে হবে, শিক্ষিত করতে হবে। সভাধিপতি নির্মল মুখোপাধ্যায় বলেন গণতান্ত্রিক বিকাশ ঘটাতে, চেতনার বিকাশ ঘটাতে সাক্ষরতা অবশ্যই প্রয়োজন। নিরক্ষর মানুষ অনেক পিছিয়ে আছে। তাদের সাক্ষর হতে, পড়াশোনা করতে আগ্রহী করে তুলতে হবে। তবেই মানুষের তথা দেশের উন্নয়ন সম্ভব হবে। সদর মহকুমা শাসক কালিদাস রায় রাজ্য কো-অর্ডিনেশনের কনভেনশনকে সাধুবাদ জানান ও সাক্ষরতার বিষয়টি বিস্তৃত আকারে পূর্ব অভিজ্ঞতা থেকে ব্যাখ্যা করেন। এ ছাড়াও সভায় বক্তব্য রাখেন প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের উপ-অধিকর্তা, জেলা প্রাণীবিকাশ দপ্তরের আধিকারিক প্রমুখ। সরকারী কর্মচারী, বিভিন্ন সংগঠনের প্রতিনিধি, সদস্য, সকলে এই কনভেনশনে উপস্থিত হয়ে অনুষ্ঠানটিকে সাফল্যের শীর্ষে পৌঁছে দেন।

## জেলা স্তরে শ্রেষ্ঠত্বের সম্মানে নবভারত

নিজস্ব সংবাদদাতা ঃ গত ১৯ জানুয়ারী বহরমপুর বিবেকানন্দ ব্যায়াম সমিতি প্রাঙ্গণে জাতীয় যুব সপ্তাহ উপলক্ষে নেহরু যুব কেন্দ্রের ১ম বার্ষিকী পুরস্কার বিতরণ উৎসবে জেলার শ্রেষ্ঠ যুব সংগঠনের স্বীকৃতি লাভ করে মির্জাপুর নবভারত স্পোর্টিং ক্লাব। এই উপলক্ষে ক্লাবকে একটি স্বর্ণপদক, প্রশস্তিপত্র এবং তিন হাজার টাকার চেক দেওয়া হয়। ক্লাব সভাপতি অনুপ ঘোষাল কলকাতার বিশপ রেভারেণ্ড গরাই এর হাত থেকে পুরস্কার ও চেক গ্রহণ করেন। অপর দিকে গত ১২ জানুয়ারী নবভারত স্পোর্টিং ক্লাবের সভার জাতীয় সংহতি, সার্বিক সাক্ষরতা প্রসারের কর্মসূচী হিসাবে মির্জাপুর থেকে বহরমপুর রাস্তা দৌড়ে যোগ দেন। ১৩ জানুয়ারী এক ভলিবল প্রতিযোগিতায় দফরপুর কিশোর সংঘ ও নবভারত স্পোর্টিং ক্লাব বিজয়ী ও বিজিতের সম্মান লাভ করে। ১৪—১৬ জানুয়ারী বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে মির্জাপুর শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাব মঞ্চে সন্ধ্যায় লুথেরান ওয়ার্ল্ড সার্ভিস সংস্থার পক্ষ থেকে কুসংস্কার ও সাক্ষরতার উপর একটি নাটক ও পুতুল নাচের আয়োজন করা হয়। অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করেন রঘুনাথগঞ্জ ১নং ব্লকের বিডিও মৃণাল সেনগুপ্ত। প্রধান ও বিশেষ অতিথি হিসাবে লুথারেনের পক্ষে এ পি ডি এবং মির্জাপুর অঞ্চলের প্রধান উপস্থিত ছিলেন।

## হেলথ এ্যাসিঃ জামিন পেলেন

রঘুনাথগঞ্জ ঃ গত ১৮ জানুয়ারী জঙ্গিপুরের এসডিজেএম জালিয়াতির অভিযোগে আটক আহিরণ স্বাস্থ্য কেন্দ্রের হেলথ এ্যাসিষ্ট্যাণ্ট হীরু ঘোষালের জামিন মঞ্জুর করেন। ঐ দিনই আটক ক্লার্ক বিজয় তেওয়ারী জজকোর্টে দ্বিতীয় দফায় আবেদন করলে তাঁর জামিন জজ না মঞ্জুর করেন।




নির্মল পরিবেশ
আমাদের জন্মগত অধিকার
পশ্চিমবঙ্গ সরকার

## ডাক্তারকে জেল-হাজতে রাখার প্রতিবাদে

বিশেষ সংবাদদাতা ঃ আহিরণ স্বাস্থ্য কেন্দ্রের পে-বিল জালিয়াতির পরিপ্রেক্ষিতে ভারপ্রাপ্ত ক্লার্ক বিজয় তেওয়ারী, হেলথ এ্যাসিষ্টান্ট হীরু ঘোষালের সঙ্গে স্বাস্থ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত ডাক্তার সৌরেন্দ্রনাথ মজুমদারকে জামিন না দিয়ে জেল হাজতে আটক রাখার প্রতিবাদে আই এম এ আন্দোলনে নামেন বলে খবর। তাঁরা সিদ্ধান্ত নেন জঙ্গিপুরের মহকুমা শাসক এস সুরেশকুমার টেকনোক্র্যাট-বুরোক্র্যাট মানসিকতার শিকার হ'য়ে মাত্রাতিরিক্ত ব্যবস্থা নিয়ে ডাক্তারের জামিনের বিরোধীতা করেন। এই পরিপ্রেক্ষিতে আই এম এ মহকুমা শাসকের কার্য্যকলাপের বিচার দাবী করেছেন। তাঁরা সিদ্ধান্ত নিয়েছেন এর পর থেকে পে-বিলে তাঁরা সহি করবেন না। সব বিলই সি-এম-ও এই কে পাশ করতে হবে। তাঁদের বক্তব্য মহকুমা শাসক তদন্তের স্বার্থে ডাক্তারের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করলেও তাঁকে অনায়াসেই জামিন অযোগ্য ধারায় সোপর্দ না করলেও পারতেন। কিন্তু তা না করে তিনি ডাক্তারকে জেল হাজতে রাখার ব্যবস্থা করে বাড়াবাড়ি করেছেন।


## লোভনীয় জায়গা বিক্রী

রঘুনাথগঞ্জ ফাঁসিতলা পল্লীতে পুরসভার সদর পীচ রাস্তার উপর পণ্ডিতের বাগানের সামনের অংশের কিছুটা জায়গা দেড় বা দুই কাঠা প্লটে বিক্রী করা হবে। যোগাযোগ করুন—

জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ
অথবা সনৎ ব্যানার্জী, রঘুনাথগঞ্জ ফাঁসিতলা


Government of West Bengal
OFFICE OF THE ASSISTANT ENGINEER,
KANDI HIGHWAY SUB-DIVISION
P. W. (Roads) Department
P. O. Kandi, Dt. Murshidabad

Notice Inviting Auction No. 1 of 1991-92 of Assistant Engineer Kandi Highway Sub-Divn.

Sealed bids are invited from interested Firms/persons for auction sale of 1000 nos Empty Bitumen Drums from Kuli Stackyard. The offer for bids in plain papers will be received by the undersigned upto 4-2-92 upto 2·00 p.m. and will be opened on the same day at 2-30 p.m. in presence of perticipant bidders who may be present. The offer for the bid will have to be quoted per Drum and an earnest money of Rs. 1000/- in the shape of Bank draft on Nationalised Bank or N.S.C./N.D.C. duly pledged in favour of Executive Engineer, Murshidabad Highway Divn. No. II will have to be doposited along with the quotation. Acceptance of the bid will be lying with the Executive Engineer, Murshidabad Highway Divn. No. II whose decision will be final.

Sd/-
Assistant Engineer,
Kandi Highway Sub-Divn.

Memo No. 31 Inf. M/Advt. Date 15-1-92

## বি এস এফ হানায় গরু ধরা পড়লো

জঙ্গিপুর ঃ সীমান্ত রক্ষী বাহিনীর অতর্কিত হানায় প্রায় ৫২টি গরু-মহিষ ধরা পড়ল রঘুনাথগঞ্জ ২নং ব্লকের মিঠিপুর গ্রামের পুকুর-কোণায় গত ২০ জানুয়ারী। বাংলাদেশ পাচার করার উদ্দেশ্যে খেজুরতলা ঘাটের দিকে যাচ্ছিল। বোলতলা এবং খেজুরতলা ঘাট দিয়ে প্রতিদিন চাল, চিনি, লবণ, কেরোসিন, পেঁয়াজ, আপেল প্রচুর পরিমাণে যাচ্ছে। মিঠিপুর বোলতলা, খেজুরতলা ঘাট দিয়ে নিয়মিত প্রচুর বাংলাদেশী আসছে, মাল খরিদ করে নিয়ে যাচ্ছে। সাধারণ মানুষ দ্রব্যমূল্য বৃদ্ধির আশঙ্কায় আতঙ্কিত। এই পরিস্থিতিতে মিঠিপুর সীমান্তে স্থায়ী বি এস এফ ক্যাম্প বসানোর প্রয়োজন।

## প্রত্যাহার করতে হবে

(১ম পাতার পর)

মমতা প্রচুর সই এবং পুষ্পস্তবক দেন। মমতা আরও বলেন, তিনি আসছেন এই ভয়ে, গোয়েন্দা শাখার পাঠানো গোপন নোটে জ্যোতিবাবু নির্দেশ পাঠিয়ে তাড়াতাড়ি 'বৈতান নগর' লাগানো বোর্ড পলাশীতে খুলে ফেলেছেন।' তিনি সাম্প্রদায়িক বি জে পি এবং সি পি এমকে উৎখাত করার আবেদন জানিয়ে বক্তব্য শেষ করেন। সমাবেশে অন্যান্য বক্তাদের মধ্যে ছিলেন প্রাক্তন মন্ত্রী এবং সাংসদ অতীশ সিংহ, যুব কংগ্রেসের জেলা সভাপতি ও প্রাক্তন বিধায়ক মান্নান হোসেন, যুব কংগ্রেস নেতা মৈনুল হক।

৮ম যুব কংগ্রেস জেলা সম্মেলন উপলক্ষ্যে ফরাক্কায় 'আব্দুস সাত্তার নগরে' জেলার বিভিন্ন প্রান্ত থেকে প্রায় আড়াই হাজার প্রতিনিধি অংশগ্রহণ করেছিলেন গত ১৬—১৭ জানুয়ারী। সম্মেলন সুষ্ঠুভাবে শেষ হয়। সম্মেলন উপলক্ষ্যে রাস্তার মোড়ে মোড়ে তোরণ তৈরী করা হয় প্রয়াত কংগ্রেস কর্মীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে। উমরপুর মোড়ে মুর্শিদাবাদের জনপ্রিয় যুব নেতা এবং জঙ্গিপুর মহকুমাবাসীর হৃদয়ের মানুষ প্রয়াত রবীন্দ্রকুমার পণ্ডিতের (রবুদা) স্মৃতির উদ্দেশ্যে সুদৃশ্য তোরণ সাজানো হয়।

## নির্দেশ ব্যাঙ্কে

(১ম পাতার পর)

দেওয়ার সময় উৎস মুলে আয়কর কাটতে হবে। ব্যাঙ্কগুলির সঙ্গে যোগাযোগ করলে তাঁরা জানান সরকারী নির্দেশ অনুযায়ী কোন আমানতে যদি ১ এপ্রিল '৯১ থেকে ৩১ মার্চ '৯২ পর্যন্ত ২৫০০ বেশী সুদ পাওনা হয় তবে তা থেকে ১০% আয়কর ও ১·২% সারচার্জ কেটে নিতে হবে। কিন্তু যদি কোন ব্যক্তির আয় আয়করের আওতায় না পড়ে তবে এ টাকা কাটা হবে না। সে কারণে আমানতকারীকে ১৫ এইচ ফর্মে একটি ডিক্লারেশন দিতে হবে। যদি কেউ ১৫ এইচ ফর্ম পূরণ না করেন তবে উৎস মুলে আয়করের জন্য ১·২% কেটে রেখে তাঁকে একটি সার্টিফায়েড কপি দেওয়া হবে। পরে তিনি আয়কর বিভাগে রিটার্ণ দিয়ে ঐ টাকা পাওনা না হলে ফেরৎ পাবেন। তবে স্বল্প সঞ্চয় স্কীমের যে কোন আমানতের উপর ঐ আদেশ বলবৎ হবে না বলেও জানা যায়।

## হাইকোর্টের নিষেধাজ্ঞা

(১ম পাতার পর)

শিল্পে বিদ্যুতের খরচের উপর যে সর্বনিম্ন হার চালু করেছিলেন, তার আদায় বন্ধ রাখতে মহামান্য হাইকোর্ট একটি স্থগিতাদেশ জারী করেছেন। জানা যায় পূর্বে ঐ শিল্প ব্যবসায়ীদের বৎসরে প্রতি ১ অশ্বশক্তি সম্পন্ন মোটরের জন্য সর্বনিম্ন চার্জ ছিল ১৫০ টাকা। হঠাৎ বিদ্যুৎ বিভাগ ঐ চার্জ বাড়িয়ে প্রতি মাসে ১ অশ্বশক্তি মোটরের চার্জ ধার্য্য করেন সর্ব-নিম্ন ৫০ টাকা। এর বিরুদ্ধেই ক্ষুদ্র শিল্প ব্যবসায়ীরা মহামান্য হাইকোর্টে একটি রিট আবেদন করলে তা গৃহীত হয় এবং মহামান্য হাইকোর্ট ঐ হার আদায় এর উপর স্থগিতাদেশ দেন।

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।